



নিরাপত্তা শাখা
চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
চট্টগ্রাম-৪৩৪৯

স্মারক : চুয়েট/নিরাঃ/বিজ্ঞপ্তি-৪৯১

১৬ বৈশাখ, ১৪৩০ বঙ্গাব্দ
২৯ এপ্রিল, ২০২৪ খ্রিষ্টাব্দ

ঃ বিজ্ঞপ্তি :ঃ

অত্র বিশ্ববিদ্যালয়ের সকল শিক্ষক, কর্মকর্তা এবং কর্মচারীদের আনন্দের সাথে জানানো যাচ্ছে যে, গত ০৬/০২/২৩খ্রি: তারিখে অনুষ্ঠিত সকল ডিন, পরিচালক, বিভাগীয় প্রধান ও সেন্টার চেয়ারম্যানগণের সমন্বয়ে সভার সিদ্ধান্ত ৭ (ক) মোতাবেক অত্র বিশ্ববিদ্যালয়ে কর্মরত শিক্ষক/কর্মকর্তা/কর্মচারীদের ব্যক্তিগত গাড়ীতে QR CODE সম্বলিত স্টিকার লাগানোর দায়িত্ব নিরাপত্তা শাখাকে প্রদান করা হয়েছে। এই সম্পর্কিত কাজগুলো সম্পাদন ও বাস্তবায়ন ও নীতিমালা নির্ধারণের জন্য ০২/০৪/২০২৩ খ্রি: তারিখে মাননীয় উপাচার্য মহোদয়ের অনুমোদনক্রমে ০৬ (ছয়) সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়েছে।

গঠিত কমিটির সিদ্ধান্ত মোতাবেক পত্র স্মারক নং: চুয়েট/নিরাঃ/বিজ্ঞপ্তি-৪২৫, তারিখ ১৩/০৭/২০২৩ খ্রি: এর মাধ্যমে বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। উক্ত বিজ্ঞপ্তি প্রকাশের পর যে সকল শিক্ষক, কর্মকর্তা এবং কর্মচারী অদ্যবধি যানবাহনের স্টিকার সংগ্রহের জন্য কাগজপত্র এবং ব্যাংকে টাকা জমা প্রদান করেননি তাদেরকে আগামী ০৭/০৫/২০২৪ খ্রি: তারিখের মধ্যে কার/মাইক্রোর স্টিকারের জন্য নির্ধারিত ফি ৫০০ (পাঁচশত) টাকা এবং মোটর সাইকেলের জন্য নির্ধারিত ফি ২০০ (দুইশত) টাকা সোনালী ব্যাংকে Vice Chancellor, CUET শিরোনামে হিসাব নং 0818536000626 এ জমা প্রদান পূর্বক যাচিত কাগজপত্র (ফিটনেস সনদ, ড্রাইভিং লাইসেন্স) ফটোকপি, পাসপোর্ট সাইজের ০১ কপি রপ্তানি তৎসঙ্গে সংযুক্ত করে নির্ধারিত ফরম পূরণের মাধ্যমে নিরাপত্তা শাখায় জমা প্রদানের জন্য অনুরোধ করা হইল। আবেদন ফরম বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইড www.cuet.ac.bd (Downloadable Form/Security Section/Sticker Form) এ পাওয়া যাবে।

(অধ্যাপক ড. আশুতোষ সাহা)

নিরাপত্তা উপদেষ্টা ও
সভাপতি, সংশ্লিষ্ট উপ-কমিটি, চুয়েট।

স্মারক : চুয়েট/নিরাঃ/বিজ্ঞপ্তি - ৪৯১ (০৬)

১৬ বৈশাখ, ১৪৩০ বঙ্গাব্দ
২৯ এপ্রিল, ২০২৪ খ্রিষ্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল (সিনিয়রিটি অনুযায়ী নয়) :

০১. সকল ডীন/সকল পরিচালক/সকল বিভাগীয় প্রধান/সকল প্রভোস্ট (বিভাগের সকল শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের অবগত করার অনুরোধ সহকারে), চুয়েট।
০২. পরিচালক, আইআইসিটি (উক্ত বিজ্ঞপ্তি অত্র বিশ্ববিদ্যালয়ের Website-এ প্রকাশের অনুরোধ সহকারে), চুয়েট।
০৩. সহকারী রেজিস্ট্রার (সমন্বয়), ভিসি মহোদয়ের অবগতির জন্য, চুয়েট।
০৪. পিও টু রেজিস্ট্রার (রেজিস্ট্রার মহোদয়ের সদয় অবগতি জন্য), চুয়েট।
০৫. সকল বিজ্ঞপ্তি ফলক।
০৬. সংরক্ষণ নথি।

(মোহাম্মদ আনিসুজ্জামান খান)

সহকারী পরিচালক (নিরাপত্তা)

চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।